

পর্দা নামলো ডেনিম এক্সপোর

- A Monitor Desk Report

Date: 14 May, 2025



ঢাকাঃ বৈশ্বিকভাবে ট্রাম্প প্রশাসনের উচ্চ শুল্করোপ ও আন্তর্জাতিক বাজারে অস্থিরতার মধ্যেও বাংলাদেশ চলতি বছরের প্রথম প্রান্তিকে যুক্তরাষ্ট্রে পোশাক রফতানিতে ২৬ দশমিক ৬৪ শতাংশ প্রবৃদ্ধি অর্জন করেছে।

এমন প্রেক্ষাপটে এ শিল্পের টেকসই উন্নয়ন ও উদ্ভাবনকে সামনে রেখে আয়োজন করা হয় দুই দিনব্যাপী ১৮তম বাংলাদেশ ডেনিম এক্সপো।

সোমবার (১২মে) রাজধানীর বসুন্ধরা ইন্টারন্যাশনাল কনভেনশন সিটিতে (আইসিসিবি) প্রদর্শনী শুরু হয়ে মঙ্গলবার (১৩মে) ছিল এ আয়োজনের সমাপনী।

এবারের আসরে নিজেদের পোশাক, সুতা সহ অন্যান্য ডেনিম পণ্য প্রদর্শন করছে বিশ্বের ১৩টি দেশ। বাংলাদেশ ছাড়াও ভারত, পাকিস্তান, চীন, তুরস্ক, স্পেন, ইতালি, ভিয়েতনাম, সংযুক্ত আরব আমিরাত, জার্মানি, সুইজারল্যান্ড ও যুক্তরাষ্ট্রের ৫৭টি ডেনিম প্রতিষ্ঠান অংশ নেয়।

দুই দিনব্যাপী এ প্রদর্শনীতে ছিল দুটি বিশেষ প্যানেল আলোচনা। প্রথম দিন ছিল ওয়াশিং প্রক্রিয়ার দৃষ্টিকোণ থেকে বাংলাদেশের ডেনিম শিল্পের অগ্রগতি শীর্ষক আলোচনা। দ্বিতীয় দিন বাংলাদেশী ডেনিম ট্রেসেবিলিটি নিয়ে আরেকটি প্যানেল আলোচনা অনুষ্ঠিত হয়।

বাংলাদেশ অ্যাপারেল এক্সচেঞ্জের প্রতিষ্ঠাতা ও প্রধান নির্বাহী কর্মকর্তা (সিইও) মোস্তাফিজ উদ্দিন বলেন বলেন, ‘বাংলাদেশ ডেনিম এক্সপো কেবল দেশীয় প্রতিষ্ঠানের প্রদর্শনী নয়, এটি এখন একটি আন্তর্জাতিক সহযোগিতার প্ল্যাটফর্ম। বিশ্বের নামীদামি ব্র্যান্ডগুলো এখানে এসে বাংলাদেশ ও বিভিন্ন দেশের ডেনিম উৎপাদকদের সঙ্গে কাজ করছে। এর ফলে সৃষ্টি হচ্ছে উদ্ভাবন, সৃজনশীলতা ও প্রযুক্তির অসাধারণ সমন্বয় যা দেশের অর্থনীতিতে ইতিবাচক প্রভাব ফেলছে।’

এবারের ডেনিম প্রদর্শনীতে বিভিন্ন প্রতিষ্ঠান তাদের নতুন উদ্ভাবন, বাজারে এসব পণ্যের চাহিদা, মূল্য, রফতানি বাণিজ্যসহ নানা বিষয়ে নিজেদের মধ্যে আলোচনার সুযোগ তৈরি করেছে।

এবারের প্রদর্শনীতে আমেরিকান অ্যান্ড ইফার্ড বাংলাদেশ লিমিটেড, আর্গন ডেনিমস লিমিটেড, আসুটেক্স, আজগার্ড নাইন লিমিটেড, বেস্ট টেক্স কেমিক্যালস লিমিটেড, ব্ল্যাক পিওনি টেক্সটাইল কোম্পানি লিমিটেড, ব্লুসাইন টেকনোলজিস এজি, চ্যাংঝৌ জিংফা টেক্সটাইল কোম্পানি লিমিটেড, চ্যাংঝৌ কাইলান টেক্সটাইল কোম্পানি লিমিটেড, চেরি বাটন লিমিটেড, ক্লোরিস বায়োকেম ল্যাবরেটরি এলএলসি, গুয়াংজু এইচ অ্যান্ড এইচ টেক্সটাইল কোম্পানি লিমিটেড, হারবার্ট কাল্লেগিসার জিএমবিএইচ, শাওশিং ফেইফানলান টেক্সটাইল কোম্পানি লিমিটেড, সিদ্দিকসল্ লিমিটেডসহ ৫৭টি ডেনিম উৎপাদনকারী প্রতিষ্ঠান।

-B